

সীমিত

কোম্পানি গার্ড সদর দপ্তর
(অপারেশান্স পরিদপ্তর)



বাংলাদেশ কোম্পানি গার্ড এর সাফল্য -মার্চ ২০২২

- ১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোম্পানি গার্ড মার্চ ২০২২ মাসে সর্বমোট ২০৭,১৬,৮২,৬২৫/০০ (টাকা দুইশত সাত কোটি ষোল লক্ষ বিরাশি হাজার ছয়শত পঁচিশ মাত্র) মূল্যের অবৈধ মালামাল আটক করে।
- ২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। মার্চ ২০২২ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ২২ কোটি ৫৬ লক্ষ ৭৬ হাজার ৮৫০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	ডিজেল/অকটেন	১১,৭২৫ লিটার	১১,০৫,৯০০/০০
২।	বার্থি হাউজার	২০০ মিটার	২,৪০,০০০/০০
৩।	ড্রাম	৫৫ টি	৯৯,০০০/০০
৪।	শাড়ি	৮,৬৭৪ পিস	৪,৭৯,৪০,০০০/০০
৫।	শ্রীপিস	৫৭ পিস	৮৫,৫০০/০০
৬।	লেহেঞ্জা	২১৫ পিস	২৫,৮০,০০০/০০
৭।	গরু	০৪ টি	২,১০,০০০/০০
৮।	মোবাইল	০৫ টি	১০,০০০/০০
৯।	বোট/ট্রাক	০৬ টি	৫১,৫০,০০০/০০
১০।	অন্যান্য	-	২৮,০৩,০৫০/০০
মোট			৬,০২,২৩,৪৫০/০০
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	৩,৯১,৭৯,০০০ মিটার	১৩৭,১২,৬৫,০০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	১,২৩৬ টি	২,৭৭,৪৮,৫০০/০০
৩।	চরঘেরা ও অন্যান্য জাল	৫৭,৩৫,৯৮০ মিটার	৩৩,০৯,০৬,৯০০/০০
৪।	জাটকা	১৮,৬১৭ কেজি	৭৩,২৬,৭৫০/০০
৫।	পোনা	১,৭৬,০২,৫৬৫ পিস	৯,৬১,২৯,০০০/০০
৬।	বোট	৪৮ টি	১,২৬,২৯,৬২৫/০০
মোট			১৮৪,৬০,০৫,৭৭৫/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৪,০৮,৭২৬ পিস	১২,২৭,২৮,৮০০/০০
২।	গাঁজা	২,৮৯০ গ্রাম	৮৩,১০০/০০
৩।	ক্রিস্টাল মেথ (আইস)	৮০০ গ্রাম	৪,০০,০০,০০০/০০
৪।	বোট	০১ টি	৫,০০,০০০/০০
৫।	মোবাইল	০৭টি	৪৩,৫০০/০০
মোট			১৬,৩৩,৫৫,৪০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১৫৬ ঘনফুট	৭৮,০০০/০০
২।	মিনি ট্রাক	০২ টি	২০,০০,০০০/০০
মোট			২০,৭৮,০০০/০০
পরিবেশ রক্ষা			
১।	হরিণের মাংস	২১ কেজি	-
২।	হরিণের মাথা	০১ টি	-
৩।	হরিণের চামড়া	০৫ টি	-

সীমিত

৪।	বোট	০১ টি	২০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	২২ জন	-
উদ্ধার অভিযান			
১।	জেলে/যাত্রী উদ্ধার	০৮ জন	
২।	মৃতদেহ উদ্ধার	০৯ টি	-
৩।	বোট	০১ টি	
সর্বমোট			২০৭,১৬,৮২,৬২৫/০০

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মার্চ ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মৎস্য সম্পদ রক্ষা অভিযানে ঢাকা ১৮৪,৬০,০৫,৭৭৫ (ঢাকা একশত চুরাশি কোটি ষাট লক্ষ পাঁচ হাজার সাতশত পাঁচাত্তর মাত্র) মূল্যের অবৈধ জাল ও জাটকা আটক করা হয়।

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** মার্চ ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ৪,০৮,৭২৬ পিস ইয়াবা, ২.৮৯০ কেজি গাঁজা ও ৮০০ গ্রাম ক্রিস্টাল মেথ (আইস) আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

৫। **ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা এবং বাংলা দা উদ্ধার।** মার্চ ২০২২ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা করে ২২ জন ডাকাত/বনদস্যু/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি আটক করা হয়।

৬। **উদ্ধার অভিযান।**

ক। গত ০২ মার্চ ২০২২ তারিখে সেন্টমার্টিন্স দ্বীপ এর অদূরে কাঠ বোঝায় ০১টি কাঠের বোট ডুবে। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজিএস সৈয়দ নজরুল এবং বিসিজি কন্টিনজেন্ট সেন্টমার্টিন্স এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা করে বোট ও ক্রুদের উদ্ধার করতে সক্ষম হয়। এছাড়াও একইদিনে বিসিজি বেইস ভোলা মেঘনা নদীতে অভিযান পরিচালনা করে ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ০৬ মার্চ ২০২২ তারিখে পাথরঘাটা থানার গলাচিপা নদীতে ০১ জন ব্যক্তি গোসল করতে গিয়ে পানিতে ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি বেইস ভোলা ও স্টেশান পাথরঘাটা এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

গ। গত ১১ মার্চ ২০২২ তারিখে পাথরঘাটা থানার বিষখালী নদীতে ০১ জন ছাত্র পানিতে ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি বেইস ভোলা ও স্টেশান পাথরঘাটা এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এবং পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

ঘ। গত ১৯ মার্চ ২০২২ তারিখে লাইটার ভেসেল এমভি টিটু- ১৪ আলফা এ্যাংকরেজ এলাকায় ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি স্টেশান পাথরঘাটা ও স্টেশান সাঙ্গু এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা করে ০৮ জন ক্রু জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত ক্রুদের মালিক এর নিকট হস্তান্তর করা হয়।

ঙ। গত ২০ মার্চ ২০২২ তারিখে কার্গো ভেসেল এমভি রুপসী এর সংঘর্ষে যাত্রীবাহি লক্ষ এমভি আশরাফ নারায়ণগঞ্জ কালিরঘাট এলাকায় নদীতে ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি স্টেশান পাগলা, নৌবাহিনী, ফায়ার সার্ভিস, নৌ পুলিশ ও বিআইডব্লিউটিএ এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা ০৬টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এবং পরিবারের নিকট হস্তান্তর করা হয়।